# রাজপথ-সংসদে একসঙ্গে লড়াই করবে এনসিপি: নাহিদ ইসলাম




নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) রাজপথ ও সংসদ—দুই ক্ষেত্রেই সক্রিয় ও কঠোর ভূমিকা রাখবে বলে জানিয়েছেন দলের আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেন, জুলাই হত্যাকাণ্ড ও হাদি হত্যার বিচার নিশ্চিত না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন ও রাজনৈতিক অবস্থান অব্যাহত থাকবে।

রোববার (১ মার্চ) বিকেলে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে জাতীয় যুব শক্তির আয়োজিত ইফতার মাহফিলে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম জানান, কাঙ্ক্ষিত সংস্কার কার্যকর করতে সংসদে বিশেষ পরিষদ গঠনের উদ্যোগ নিতে হবে। পাশাপাশি রাষ্ট্রপতির বিরুদ্ধে অভিশংসন প্রক্রিয়া শুরু করে তাকে আইনের আওতায় আনার দাবিও তোলেন তিনি।

এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূইয়া বলেন, নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে অসংখ্য প্রাণ ঝরেছে, কিন্তু নতুন সরকার দায়িত্ব নেওয়ার পরই জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে। তার দাবি, যে রাষ্ট্রপতি পূর্ববর্তী সরকারের বিতর্কিত কর্মকাণ্ডে নীরব সমর্থন দিয়েছেন এবং জুলাই আন্দোলনের সময় হত্যাকাণ্ডকে বৈধতা দিয়েছেন, তার ভাষণের মাধ্যমে সংসদ অধিবেশন শুরু হলে তা জনগণ মেনে নেবে না।

একই অনুষ্ঠানে হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম মহাসচিব মামুনুল হক অভিযোগ করেন, বিএনপি ক্ষমতায় যাওয়ার পর জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে দৃশ্যমান অগ্রগতি দেখাতে পারেনি এবং এ নিয়ে টালবাহানা করছে।